











# আপনার শহর।
# আপনার ভোট।
# 22শে অক্টোবর


**toronto.ca/elections**


TORONTO

Call 311









# ওয়ার্ড পরিবর্তন

**2018** র পৌর নির্বাচনের জন্য ওয়ার্ডের সীমানা পরিবর্তিত হয়েছে। এই পরিবর্তনগুলি **1**লা ডিসেম্বর **2018** থেকে যখন পারিষদ দল শুরু হবে তখন থেকে কার্যকর হবে। ওয়ার্ডের সীমানার পরিবর্তন আরও ভালো করে বুঝতে আপনি পারেন:

- আপনি কোন ওয়ার্ডে ভোট দিতে চলেছেন এবং আপনার ওয়ার্ড কে চালাচ্ছে তা পরীক্ষা করতে **MyVote (toronto.ca/elections/myvote)** ব্যবহার করুন

- ওয়ার্ডের মানচিত্র এবং ভোট দেওয়ার জায়গাগুলি দেখুন

আমাদের ওয়েবসাইট **toronto.ca/elections** দেখার মাধ্যমে বা **416-338-1111** নম্বরে আমাদের ফোন করে বিস্তারিত তথ্য পাওয়া যেতে পারে।

# MyVote

**MyVote** এ আপনার যা প্রয়োজন সব পাবেন। **MyVote** এর সাথে শুরু করতে, আপনার টরেন্টোর ঠিকানা লিখুন এবং:

- আপনার ওয়ার্ড ও মানচিত্র দেখুন
- আপনার ওয়ার্ডের প্রার্থীদের দেখুন
- আপনি ভোটার তালিকায় আছেন কি না তা দেখুন
- ভোটার তালিকায় আপনার তথ্য যোগ বা আপডেট করুন (**1**লা অক্টোবর পর্যন্ত)
- কোথায় এবং কখন ভোট দিতে হবে তা দেখুন
- আপনার ভোটার তথ্য কার্ড দেখুন ও প্রিন্ট করুন
- আপনার ভোট কেন্দ্রে কিভাবে পৌঁছাবেন তার তথ্য দেখুন (**1**লা অক্টোবর থেকে শুরু হবে)
- আপনার ব্যালটের একটা নমুনা দেখুন (**1**লা অক্টোবর থেকে শুরু হবে)

ভোট কেন্দ্র পরিবর্তিত হতে পারে, তাই ভোট দিতে যাওয়ার আগে অনুগ্রহ করে **MyVote** পরীক্ষা করতে থাকুন।

## একটি অনলাইন টুল যেখানে থেকে আপনি ভোট দেওয়ার জন্য যা যা জানা প্রয়োজন সব দেখতে পারবেন।

## toronto.ca/elections/myvote

# ভোট দেওয়ার সুযোগ

## কারা ভোট দিতে পারবেন

আপনি টরেন্টো পৌর নির্বাচনে ভোট দিতে পারবেন যদি আপনি:

- কানাডার একজন নাগরিক হন; এবং
- অন্তত 18 বছর বয়সী হন; এবং
- টরেন্টো শহরের একজন অধিবাসী হন; বা
- টরেন্টোর একজন অনাবাসী, কিন্তু আপনি বা আপনার স্বামী বা স্ত্রীর শহরে একটি বাড়ি আছে বা বাড়ি ভাড়া করে থাকেন; এবং
- কোনো আইন অনুযায়ী ভোট দেওয়ার উপর নিষেধাজ্ঞা নেই।

টরেন্টোর মধ্যে আপনার যতগুলি বাড়িই থাকুক বা বাড়ি ভাড়া নিন না কেন টরেন্টোর পৌর নির্বাচনে **আপনি একবারই ভোট দিতে পারবেন। আপনি যে ওয়ার্ডে বাস করেন** আপনাকে সেই ওয়ার্ডেই ভোট দিতে হবে।

## নির্বাচনের তারিখ

সোমবার, 22শে অক্টোবর সকাল 10টা থেকে রাত 8টা।

## অগ্রিম ভোট

বুধবার, 10ই অক্টোবর থেকে রবিবার, 14ই অক্টোবর সকাল 10টা থেকে সন্ধ্যে 7টা।

আপনার আগ্রিম ভোটের স্থান আপনার ভোটার তথ্য কার্ডে প্রদর্শিত হবে বা MyVote ব্যবহার করে সেটি দেখুন।

আপনার ভোটার তথ্য কার্ড প্রিন্ট করতে MyVote ব্যবহার করুন বা আপনি ভোট দিতে যাওয়ার সময় আপনার মোবাইল ডিভাইসে সেটি দেখান।

## সিটি হল

বুধবার, 10ই অক্টোবর থেকে রবিবার, 14ই অক্টোবর সকাল 10টা থেকে সন্ধ্যে 7টা।

আপনি টরেন্টোর যেখানেই থাকুন না কেন অগ্রিম ভোটের সময় আপনি Toronto City Hall, 100 Queen Street W., এ ভোট দিতে পারেন।

## পরিচয় (ID)

ভোট দেওয়ার জন্য আপনাকে অবশ্যই আপনার পরিচয়পত্র দেখাতে হবে যেখানে আপনার নাম ও যোগ্যতামানক টরেন্টোর ঠিকানা থাকতে হবে।

**ভোটের দিন লাইন দেওয়া এড়ান। ভোটার তালিকা পরীক্ষা করুন এবং আপনার ভোটার তথ্য কার্ড নিয়ে আসুন।**

# ভোটার তালিকা পরীক্ষা করুন

আপনার তথ্য সঠিক কিনা তা পরীক্ষা করা জরুরি, বিশেষ করে আগের নির্বাচনের পরে আপনি যদি এক জায়গা থেকে অন্য জায়গায় যান বা আগের নাম পরিবর্তন করেন। টরেন্টো সিটির ভোটারদের তালিকায় থাকা মানে আপনি একটি ভোটার তথ্য কার্ড পেয়েছেন যার ফলে আপনার ভোট দিতে কম সময় লাগবে।

TORONTO
89 Northline Road
Toronto, ON
M4B 3G1

| পৌর নির্বাচন | |
|---|---|
| ওয়ার্ড: 1 | সাব ডিভিশন: 24 |

CANADA POSTES POST CANADA
Lettermail
Poste-lettres
7102858

VOTE
October 22
toronto.ca/elections

9345678

যোগ্যতামানক ঠিকানার পরিপ্রেক্ষিতে

| অগ্রিম ভোট | |
|---|---|
| 10 থেকে 14ই অক্টোবর, 2018 - সকাল 10টা থেকে সন্ধ্যে 7টা | |
| এক জায়গাতেই ভোট | Toronto City Hall, 100 Queen St., W.<br>এক্সাম্পেল কমিউনিটি সেন্টার, 123 Example Rd<br>এক্সাম্পেল রিক্রিয়েশন সেন্টার, 231 Example Dr |

| নির্বাচনের তারিখ | |
|---|---|
| সোমবার, 22শে অক্টোবর, 2018 - সকাল 10টা থেকে রাত 8টা | |
| ভোট দিন | জেনারেল পাবলিক স্কুল -জি ওয়াই এম<br>2345 LongDrive Stree |
| আপনার স্কুল সহায়তা তালিকাবদ্ধ হয়েছে: ফরাসি ক্যাথলিক হিসাবে | |

আপনি ভোট দিতে যাওয়ার সময় আপনার ভোটার তথ্য কার্ড সঙ্গে নিয়ে আসুন।

17ই সেপ্টেম্বর থেকে শুরু করে, টরেন্টো সিটি ভোটার তালিকায় সংশোধন গ্রহণ করবে।

- আপনি ভোটার তালিকায় আছেন কিনা তা আপনি **416-338-1111** নম্বরে ফোন করে পরীক্ষা করতে পারেন।
- একটি ভোটার তালিকার সংযোজনের আবেদন পূরণ করে শহরের যে কোনো ক্লার্কের অফিসে নিজে গিয়ে বা **416-338-1111** নম্বরে ফোন করে আপনি আপনার তথ্য যোগ বা আপডেট করতে পারেন।
- চূড়ান্ত ভোটার তালিকায় নির্বাচনের দিন আপনার নাম দেখাবার জন্য, সমস্ত সংশোধন অবশ্যই **14**ই অক্টোবরের মধ্যে সম্পূর্ণ হতে হবে। এই তারিখের পরে আপনি যখন **22**শে অক্টোবর ভোট দিতে যাবেন তখন ভোটদান কেন্দ্রে নিজেকে যোগ করতে পারবেন।

**17ই সেপ্টেম্বর থেকে 1লা অক্টোবর পর্যন্ত MyVote ব্যবহার করে আপনাত তথ্য পরীক্ষা, যোগ বা সম্পাদনা করুন।**

MyVote (toronto.ca/elections/myvote) ব্যবহার করুন:

- আপনি ভোটার তালিকায় আছেন কিনা তা দেখতে
- ভোটার তালিকায় আপনার নাম যোগ করতে
- আপনার ভোটার তথ্য সম্পাদনা করতে

**মনে রাখবেন: ভোট দিতে যাওয়ার সময় অবশ্যই আপনার ID নিয়ে আসবেন, এমনকি আপনি নিজের নাম ভোটার তালিকায় যোগ করে থাকলেও।**

# ভোটারদের জন্য জায়গা

## ভোটদান কেন্দ্রসমূহ

সকল ভোটদান কেন্দ্রে পৌঁছানো যাবে এবং প্রতিটি জায়গা সম্পর্কে তথ্য আমাদের ওয়েবসাইট **toronto.ca/elections/voters** এ পাওয়া যাবে।

## ভোট দেওয়ার যন্ত্রে সহজগম্যতা

ভোটার সহায়ক টার্মিনাল হল একটি ব্যালট-চিহ্নিকরণ যন্ত্র যা প্রতিবন্ধকতা এবং অন্যান্য বিশেষ প্রয়োজন যুক্ত ভোটারদের গোপনীয় ও স্বাধিনভাবে তাদের ব্যলট চিহ্নিত করতে অনুমতি দেয়। বৈশিষ্টগুলির মধ্যে থাকে একটি টাচ স্ক্রিন, একটি অডিও সরঞ্জাম, একটি অন্ধ ব্যক্তির লিখনাদির প্রণালীযুক্ত কী প্যাড, একটি সিপ/পাফ টিউব ডিভাইস, একটি রকার প্যাডেল/পায়ের সুইচ এবং হরফের আকার ও রঙের কনট্রাস্ট অ্যাডজাস্ট করার জন্য জুম বৈশিষ্ট্য।

ভোটার সহায়ক টার্মিনাল সমস্ত অগ্রিম ভোটদান কেন্দ্রে পাওয়া যাবে। নির্বাচনের দিন আপনার একটি ভোটার সহায়ক টার্মিনাল প্রয়োজন হলে এবং আপনার নির্ধারিত ভোটদান কেন্দ্রে সেটি না থাকলে, আপনি **416-338-1111** নম্বরে ফোন করে আপনার ব্যালট স্থানান্তরের জন্য অনুরোধ করতে পারেন।

## ভোটিং প্রক্সি

কোনো কারণে উপলব্ধ ভোটের দিনগুলিতে আপনি ভোট দিতে না পারলে, আপনি একটি ভোটিং প্রক্সি নিযুক্ত করার ফর্ম সম্পূর্ণ করে আপনার হয়ে ভোট দেওয়ার একজন প্রক্সি নিযুক্ত করতে পারেন।

ভোটিং প্রক্সি নিয়োগের ফর্মগুলি নির্বাচনের দিন পর্যন্ত শহরের যে কোনো ক্লার্কের অফিস থেকে পাওয়া এবং শংসায়িত করা যাবে। আরও তথ্য নির্বাচন পরিষেবার ওয়েবসাইট **toronto.ca/elections/voters** এ পাওয়া যাবে।

## অন্যান্য পরিষেবাসমূহ

- কিভাবে ভোট দিতে হবে সে সম্পর্কে নির্দেশিকা সমস্ত ভোটদান কেন্দ্রে অন্ধ ব্যক্তির লিখনাদির প্রণালীতে এবং **26**টি ভাষায় পাওয়া যাবে।
- কম দৃষ্টিশক্তি যুক্ত ভোটারদের সহায়তা করতে বড় করে দেখানোর কাগজ সমস্ত ভোটদান কেন্দ্রে পাওয়া যবে।
- আপনি যদি ভোটদান কেন্দ্রে প্রবেশ করার জন্য শারীরিকভাবে অক্ষম হন, আপনি ভোটদান কেন্দ্রের মধ্যে অন্য জায়গায় ভোটদানের জন্য অনুরোধ জানাতে পারেন। উদাহরণস্বরূপ পার্কিংয়ের জায়গায় বা রাস্তার পাশে বাঁকে। আরও তথ্যের জন্য **416-338-1111** নম্বরে ফোন করুন।
- বধির বা যারা কানে কম শোনেন তাদের জন্য নির্বাচনের তথ্য **TTY** লাইনে **416-338-OTTY (0889)** নম্বরে ফোন করে পাওয়া যাবে।
- আপনি নিজে ব্যালট চিহ্নিত করতে অক্ষম হলে আমি একজন বন্ধুকে সঙ্গে করে নিয়ে আসতে পারেন বা সহায়তার জন্য একজন নির্বাচন কর্মীকে বলতে পারেন।
- সমস্ত ভোটগ্রহণ কেন্দ্র সহায়ক ব্যক্তি এবং প্রশিক্ষিত কুকুরদের স্বাগত জানায়।

এই সমস্ত সংস্থানগুলি আপনার প্রয়োজনীয়তা মেটা না পারলে, অনুগ্রহ করে **416-338-1111** নম্বরে ফোন করুন।

**ভোট দেওয়ার ক্ষেত্রে কোনো বাধার সম্মুখীন হলে 416-338-2020 নম্বরে আমাদের সাথে যোগাযোগ করুন।**

# স্বীকৃত পরিচয়পত্র

আপনি ভোট দিতে যাওয়ার সময় পরিচয়পত্র (ID) প্রয়োজন। আপনার নাম ও যোগ্যতামানক টরেন্টোর ঠিকানা আছে এমন একটি ID আনতে ভুলবেন না। আপনাত্র ভোটার তথ্য কার্ড ID হিসাবে ব্যবহার করা যাবে না।

## স্বীকৃত ID-র উদাহরণসমূহ:

- অন্টারিও দ্বারা ইস্যু করা ফটো কার্ড, ড্রাইভারের লাইসেন্স বা মোটর গাড়ীর পারমিট (গারীর অংশ)।
- বাতিল করা ব্যক্তিগতকৃত চেক, ক্রেডিট কার্ড বা ব্যাঙ্ক অ্যাকাউন্ট স্টেটমেন্ট
- হাইড্রো, টেলিফোন বা কেবেল টিভি, জল, গ্যাসের ইউটিলিটি বিল বা পাবলিক ইউটিলিটি কমিশনের থেকে একটি বিল
- একজন নিয়োগকারী দ্বারা ইস্যু করা চেক স্টাব, T4 স্টেটমেন্ট বা বেতনের রশিদ।
- অন্টারিও ওয়ার্কস বা অন্টারিও প্রতিবন্ধী সহায়তা কর্মসূচির (Ontario Disability Support Program) জন্য সরাসরি ডিপোজিটের স্টেমটমেন্ট।
- প্রপার্টি ট্যাক্স অ্যাসেসমেন্ট, আয়কর অ্যাসেসমেন্ট বিজ্ঞপ্তি, চাইল্ড  ট্যাক্স বেনিফিট স্টেটমেন্ট।
- বন্ধকীর স্টেটমেন্ট, লীজ বা ভাড়ার চুক্তি।
- Transcript or report card from a post-secondary school.
- একটি মাধ্যমিক-পরবর্তী প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীর আবাসনের জন্য দায়িত্বপ্রাপ্ত কার্যালয় বা আধিকারিক দ্বারা ইস্যু করা ক্যাম্পাসে থাকা দেখিয়ে নথি।
- কানাডা সরকার, অন্টারিও বা অন্টারিওর একটা পৌরসভা বা অন্টারিওর একটি আদালত দ্বারা ইস্যু করা বা প্রত্যয়িত অন্য কোনো নথি।
- ভারতীয় আইন (কানাডা) অনুযায়ী গঠিত অন্টারিওর একটি ব্যান্ড কাউন্সিল থেকে কোনো নথি।
- বীমা পলিসি বা বীমা স্টেটমেন্ট
- একটি আর্থিক প্রতিষ্ঠানের সাথে ঋণ চুক্তি বা অন্যান্য আর্থিক চুক্তি।
- এমপ্লয়মেন্ট ইনস্যুরেন্স পেইড T4E (Employment Insurance Benefits Paid T4E) এর স্টেটমেন্ট
- বৃদ্ধ বয়সের নিরাপত্তা T4A (OAS) (Old Age Security T4A, OAS) স্টেটমেন্ট, কানাডা পেনশন প্ল্যান বেনিফিট T4A (P), কানাডা পেনশন প্ল্যান অবদানের স্টেটমেন্ট।
- কর্মস্থলের নিরাপত্তা এবং ইনস্যুরেন্স বোর্ডের বেনিফিটের স্টেটমেন্ট T50007.
- CNIB কার্ড বা অন্য কোনো নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান যারা প্রতিবন্ধকতাযুক্ত মানুষদের পরিষেবা প্রদান করে, তাদের থেকে একটি কার্ড।
- গৃহ প্রশাসন (Administrator for the home) দ্বারা ইস্যু করা দীর্ঘকালীন পরিচর্যা হোম আইন (Long-Term Care Homes Act), 2007 অনুযায়ী একটি দীর্ঘকালীন পরিচর্যা গৃহে বসবাস দেখিয়ে নথি।
- হসপিটাল কার্ড বা রেকর্ড

**আপনার কোনো স্বীকৃত ID না থাকলে এবং আপনি ভোটার তালিকায় না থাকলে, একটি ব্যালট পাওয়ার জন্য আপনাকে আপনার ID সমেত ফিরে যেতে বলা হবে।**

# অক্টোবরের মুখ্য তারিখসমূহ

**10ই অক্টোবর থেকে 14ই অক্টোবর:** অগ্রিম ভোট সকাল 10টা থেকে সন্ধ্যে 7টা।

**14ই অক্টোবর:** অগ্রিম ভোটের শেষ দিন

**22শে অক্টোবর:** নির্বাচনের দিন সকাল 10টা থেকে রাত 8টা

---

## শহরের ক্লার্কের অফিসের অবস্থান

সোমবার থেকে শুক্রবার, সকাল 8:30টা থেকে বিকেল 4:30টা নিম্নলিখিত স্থানে:

- Toronto City Hall, 100 Queen St. W., 1st Floor North
- Etobicoke Civic Centre, 399 The West Mall, Main Floor
- North York Civic Centre, 5100 Yonge St., Ground Floor
- Scarborough Civic Centre, 150 Borough Drive., 3rd Floor
- Toronto Election Services Office, 89 Northline Road

## আমাদের সাথে যোগাযোগ করুন

ওয়েব: toronto.ca/elections
ইমেল: elections@toronto.ca
নির্বাচন পরিষেবা: 416-338-1111
সংস্থানগুলিতে পৌঁছানো: 416-338-2020
পৌছানোর জন্য ইমেল: accessibleelections@toronto.ca
TTY: 416-338-0889

@torontovotes

@torontovotes

Toronto Votes